


### খেলাঘরের মূল লক্ষ্য

জাতীয় মুক্তি-সংগ্রামের চেতনার আলোকে শিশু- কিশোরদের অসাম্প্রদায়িক, বিজ্ঞানমনস্ক ও মানবিকবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলা।

### খেলাঘরের লক্ষ্য ও উদ্দেশ্য

১। শিশু-কিশোরদের সুস্থ দেহ ও মন গঠন।
২। সাহিত্য-সংস্কৃতি, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিচর্চা ও সৃজনশীল কাজের মধ্য দিয়ে প্রতিভার বিকাশ সাধন এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও শিক্ষার প্রসার।
৩। প্রীতি, ঐক্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব গড়ে তোলা।
৪। মানুষ, মাতৃভূমি ও মাতৃভাষার প্রতি ভালোবাসা সৃষ্টি।
৫। পৃথিবীর সকল শান্তি, স্বাধীনতা ও মুক্তিকামী মানুষের সাথে একাত্ম হওয়া।

### প্রদর্শনী ও ক্যাটালগ

সকল জেলা থেকে পুরস্কার প্রাপ্ত শিশুশিল্পীদের চিত্রকর্ম নিয়ে ঢাকায় ৫(পাঁচ) দিনব্যাপী **খেলাঘর জাতীয় শিশু চিত্র প্রদর্শনী ২০১৯** অনুষ্ঠিত হবে। এ প্রদর্শনীতে স্থান পাওয়া চিত্রকর্ম থেকে বাছাইকৃত চিত্রকর্ম নিয়ে চার রঙের সুদৃশ্য ক্যাটালগ প্রকাশ করা হবে।

### প্রতিযোগিতার বিশেষ নিয়মাবলী

১. নিবন্ধন ব্যতিত কোন প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।
২. প্রতিযোগীর বিদ্যালয়ের শ্রেণি পরিচয়পত্রের ফটোকপি নিবন্ধন ফরমের সাথে জমা দিতে হবে।
৩. কার্টিজ পেপারের এক চতুর্থাংশ মাপে ছবি আঁকতে হবে। কাগজ খেলাঘর সরবরাহ করবে।
৪. ছবির পিছনে প্রতিযোগীর নাম, শ্রেণি ও গ্রুপ, অভিভাবকের নাম ও ফোন নম্বর পরিষ্কার করে লিখতে হবে।
৫. প্রতিযোগিতায় যে কোন মাধ্যমে ছবি আঁকা যাবে।
৬. কাগজ ব্যতিত ছবি আঁকার সকল উপকরণ প্রতিযোগীকে সঙ্গে আনতে হবে।
৭. ছবি আঁকার নির্ধারিত সময় দেড় ঘন্টা।

### বিচার কার্যক্রম

এক ও অভিন্ন দৃষ্টিভঙ্গির ছবি বিচারের লক্ষ্যে সকল পর্যায়ে বিচার কাজ চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিচালনা উপ-কমিটি সম্পন্ন করবে। কেন্দ্রিয় চিত্রাংকন কমিটি পরিচালনা পরিষদ প্রতিবারের ন্যায় দেশের প্রখ্যাত ও অভিজ্ঞ শিল্পীদের নিয়ে একটি বিচারক প্যানেল তৈরি করেছে এবং জেলা পর্যায়ের প্রতিযোগিতায় কেন্দ্র থেকে বিচারক প্রেরণ করা হবে। প্রতিযোগিতায় বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**ছবিতে শিশুদের একান্ত নিজের ভাবনার প্রকাশকে বিচার ক্ষেত্রে গুরুত্ব দেয়া হবে।**

### প্রতিযোগিতা বিষয়ক যোগাযোগ-

সাইফুল ওয়াদুদ ০১৭১৬-১৫৪৪২৮ ,রাজু ০১৭১৭-৯০৬০৭৫
মুরাদ ০১৭১৮-৯৪৯১৪০ ,রুবেল ০১৭৪১-৩৮৯৭৮০
এম গ্রাফিকস্ (মিলনের দোকান) টেনিস ক্লাব সংলগ্ন
কাচারী রোড,নওগাঁ।

তুলির ছোঁয়ায় রাঙিয়ে ধরা,
আলোর প্রভাত আনবো মোরা



# খেলাঘর জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯




কেন্দ্রীয় খেলাঘর আসর
২/২২ বাবর রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
+৮৮ ০১৭১ ২৮৪ ৪৪৪২, +৮৮ ০১৭১ ৭২০ ৩৩৮১

# খেলাঘর
# জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯

**মূল ভাবনা**

শিশু-কিশোরদের অসাম্প্রদায়িক, বিজ্ঞানমনস্ক ও মানবিকবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে খেলাঘর নিরলসভাবে কাজ করছে। ১৯৫২ এর ভাষা আন্দোলনের চেতনায় জন্ম নেওয়া খেলাঘর, '৭১ এ জীবন উৎসর্গকারী শহীদদের রক্তস্নাত মহান মুক্তি সংগ্রামের পথ ধরে হয়ে উঠেছে আজ বাংলাদেশের সর্ববৃহৎ শিশু-কিশোর সংগঠন। এ গর্বিত অর্জন আমাদের প্রাণান্তকর শ্রমের ফসল। আমরা শিশুর বাসযোগ্য একটি নিরাপদ বাংলাদেশ বিনির্মানে পথ চলি।

খেলাঘর তার ঐতিহ্যের ধারাবাহিকতায় দেশব্যাপী শুরু করতে যাচ্ছে "খেলাঘর জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯"। মননশীল চর্চার মাধ্যমে শিশুর মনকে সৃজনশীল ও সুন্দর করে গড়ে তোলাই এই প্রতিযোগিতার অন্যতম উদ্দেশ্য। শিশুদের একান্ত নিজের ভাবনায় প্রকাশিত হোক আমার বাংলাদেশ।

**প্রতিযোগিতার ধরণ**

খেলাঘর জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯ অনুষ্ঠিত হবে বিদ্যালয়ের শ্রেণি ভিত্তিক ৪(চার)টি গ্রুপে।

**ক) কাইয়ুম চৌধুরী গ্রুপ** - শিশু থেকে দ্বিতীয় শ্রেণি
**খ) কামরুল হাসান গ্রুপ** - তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি
গ) এস.এম. সুলতান গ্রুপ - ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি
ঘ) জয়নুল আবেদিন গ্রুপ - নবম থেকে দ্বাদশ শ্রেণি

**প্রতিযোগিতার নিবন্ধন**

শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বাংলাদেশের সকল শিশু-কিশোর এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতার অন্তত ২দিন আগে নির্ধারিত এন্ট্রি ফরম পূরণ করে প্রতিযোগীর পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ প্রতিযোগিতার এন্ট্রি ফি ৫০ টাকা, জেলার সমন্বয়ক/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্তর**

প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ২টি ধাপ বা স্তরে, যথাক্রমে- জেলা ও জাতীয় পর্যায়।

**প্রথম ধাপ (জেলা পর্যায়)**

বাংলাদেশের প্রতিটি জেলায় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যা এ প্রতিযোগিতার প্রথম ধাপ। প্রতিটি জেলা থেকে প্রতি গ্রুপের ৫ (পাঁচ) জন করে মোট ২০ জন বিজয়ী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। শিশু চিত্রাংকন প্রতিযোগিতায় জেলায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে সনদপত্র প্রদান করা হবে।

**প্রথম ধাপের পুরস্কার**

প্রতিটি জেলায় প্রতি গ্রুপের ৫ (পাঁচ) জন করে মোট ২০ জনকে সেরা পুরস্কার দেয়া হবে।

**প্রথম ধাপের প্রতিযোগিতার বিষয়**

(ক) কাইয়ুম চৌধুরী গ্রুপ (শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি)। এ গ্রুপের প্রতিযোগীরা ইচ্ছেমত ছবি আঁকবে। তাদের জন্য কোন নির্ধারিত বিষয় থাকবে না।
(খ) কামরুল হাসান গ্রুপ, (গ) এস.এম. সুলতান গ্রুপ, (ঘ) জয়নুল আবেদিন গ্রুপ এর জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো থেকে প্রতিযোগিতার সময় তাৎক্ষণিকভাবে নির্ধারণ করে দেয়া হবে।

**নির্ধারিত বিষয়**

যেসব বিষয় থেকে জেলা পর্যায়ের প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করা হবে, তা হলো- **বাংলার মুক্তি সংগ্রাম, বাংলা নববর্ষ, ঋতু বৈচিত্র্যে বাংলাদেশ, প্রিয় উৎসব, গ্রামীণ জীবন, বাংলা নবান্ন উৎসব, প্রিয় খেলা, শিশু অধিকার, এবং শিশুশ্রম।**

**দ্বিতীয় ধাপ (জাতীয় পর্যায়)**

প্রতিটি জেলা থেকে প্রতি গ্রুপের ৫ (পাঁচ) জন করে মোট ২০ জন বিজয়ীকে নিয়ে ঢাকায় জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

**দ্বিতীয় ধাপের পুরস্কার**

প্রতি গ্রুপের ৫ (পাঁচ) জন করে শ্রেষ্ঠ ২০(বিশ) জনকে পুরস্কার প্রদান করা হবে। সাথে সনদপত্র এবং স্মারক পুরস্কার প্রদান করা হবে।

---

নিবন্ধন নং..................

## খেলাঘর জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯
**নিবন্ধন ফরম**

প্রতিযোগীর নাম..........................................
..........................................
মাতার নাম..........................................
পিতার নাম..........................................
জন্ম তারিখ..........................................
শ্রেণি..........................................
প্রতিযোগিতার গ্রুপ..........................................
ফোন নম্বর..........................................
বর্তমান ঠিকানা ..........................................
..........................................
..........................................
..........................................
শিক্ষা প্রতিষ্ঠান/সংগঠন/শাখা আসরের নাম ও ঠিকানা
..........................................
..........................................

*প্রতিযোগীর বিদ্যালয়ের শ্রেণি পরিচয়পত্রের ফটোকপি নিবন্ধন ফরমের সাথে জমা দিতে হবে।

প্রতিযোগী/ অভিভাবকের স্বাক্ষর

আসর/উপজেলা জেলা/মহানগর প্রতিনিধির স্বাক্ষর

---

নিবন্ধন নং...........

## খেলাঘর জাতীয় শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ২০১৯
**প্রতিযোগীর প্রবেশপত্র**

প্রতিযোগীর নাম..........................................
প্রতিযোগিতার গ্রুপ..........................................

আসর/উপজেলা জেলা/মহানগর প্রতিনিধির স্বাক্ষর

সুধী,

শুভেচ্ছা সহ প্রারম্ভিকা। আপনি/আপনারা নিশ্চয় ভালো আছেন। 'খেলাঘর আসর' নামক আন্তর্জাতিক শিশু সংগঠনটি সারাদেশ ও দেশের বাইরে দুই শতাধিক আসরের মাধ্যমে প্রায় ৬৫ বছর ধরে শিশুর প্রতিভা বিকাশ, অধিকার ও আন্দোলনে কাজ করে আসছে। এটি বাংলাদেশের ঐতিহ্যের সংগঠন। প্রতিবারের ন্যায় এবারও 'খেলাঘর আসর' জাতীয় চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করেছে। এর আলোকে খেলাঘর আসর,নওগাঁ আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ১১/০৫/১৯ ইং শনিবার বিকেল ৩ টায় প্যারীমোহন ভবনে অনুষ্ঠিত হবে।

উক্ত প্রতিযোগিতায় স্বনাম ধন্য আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের জন্য প্রতিটি শ্রেণিতে নোটিশ করে বাধিত করবেন।

**নিবন্ধন ফি- ৫০/ টাকা।**

ক) কাইয়ুম চৌধুরী গ্রুপ - শিশু থেকে দ্বিতীয় শ্রেণি
খ) কামরুল হাসান গ্রুপ - তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি
গ) এস.এম. সুলতান গ্রুপ - ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি
ঘ) জয়নুল আবেদিন গ্রুপ - নবম থেকে দ্বাদশ শ্রেণি

ধন্যবাদান্তে -

আহবায়ক
আজাদ হোসেন মুরাদ
খেলাঘর আসর, নওগাঁ

সদস্য সচিব
সাইফুল ওয়াদুদ
খেলাঘর আসর, নওগাঁ